ইত্তেফাক ১৭
তারিখ 17 JAN 2008
Deposit
পৃষ্ঠা ৬ কলাম ৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

# সেন্টার ফর মেডিকেল এডুকেশন

মহাখালী, ঢাকা- ১২১২। ফোন- ৮৮২২৫৬৩, ৮৮২১৮০৯, ফ্যাক্স-৮৮২২৫৬৩ E-mail: cmedk@dekko.net.bd Web site: www.cmedhaka.gov.bd

স্মারক নং-সিএমই/৫৪(পিঃবঃ ২০০৭-০৮)/২০০৭/১২ তারিখঃ ১৫/০১/২০০৮ খ্রিঃ।

# বিএইচএমএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি

২০০৭-২০০৮ শিক্ষাবর্ষে সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ, মিরপুর-৪, ঢাকায় ১ম বর্ষ ব্যাচেলর অব হোমিওপ্যাথিক মেডিসিন এন্ড সার্জারী (বিএইচএমএস) কোর্সে ছাত্র/ছাত্রী ভর্তির জন্য নির্ধারিত ফরমে এবং নিম্নলিখিত শর্তে আবেদনপত্র আহ্বান করা যাইতেছে।

আবেদনকারীকে বাংলাদেশের স্থায়ী নাগরিক হইতে হইবে।

(ক) যাহারা ২০০৪ সনের পূর্বে এসএসসি বা সমমান পরীক্ষায় পাস করিয়াছে তাহারা আবেদনের যোগ্য নহে।

(খ) যাহারা পদার্থ বিদ্যা, রসায়ন বিদ্যা ও জীববিদ্যা সহ এইচএসসি বা সমমান পরীক্ষায় ২০০৬ ও ২০০৭ সনে পাস করিয়াছে তাহারাই কেবল মাত্র আবেদনের যোগ্য হবে।

শিক্ষাগত যোগ্যতা নিম্নরুপঃ

সাধারন ও উপজাতীয় ছাত্র/ছাত্রীদের এসএসসি এবং এইচএসসি পরীক্ষায় প্রাপ্ত জিপিএ এর যোগফল নূন্যতম ৬.০০ থাকিতে হইবে। কোন অবস্থাতেই এসএসসি এবং এইচএসসি বা সমমানের পরীক্ষায় ঐচ্ছিক বিষয়সহ সাধারণ ছাত্র/ছাত্রীদের সর্বমোট জিপিএ ২.৫০ এবং উপজাতীয় ছাত্র/ছাত্রীদের ২.০০ এর নিচে গ্রহন যোগ্য হইবে না। উপজাতীয়দের নিজ জেলার ডেপুটি কমিশনার ও গোত্র প্রধান হইতে জেলা, গোত্র ও চারিত্রিক বৈশিষ্ট্যতা সংক্রান্ত সার্টিফিকেট সাথে দিতে হইবে। উপজাতীয় প্রার্থীদের জন্য সংরক্ষিত ১টি আসনে প্রার্থী অধিক হইলে মেধাভিত্তিতে ভর্তি করা হইবে। এইচএসসি-র বায়োলজীতে (Biology) সকলের ক্ষেত্রে অবশ্যই পাস থাকিতে হইবে।

মোট আসন সংখ্যা ৫০ এর মধ্যে ০১ টি উপজাতীয় ছাত্র/ছাত্রীদের জন্য এবং ০১ টি বিদেশী ছাত্র/ছাত্রীদের জন্য সংরক্ষিত থাকিবে। অবশিষ্ট ৪৮ (আটচল্লিশ) টি আসনে প্রতিযোগিতামূলক পরীক্ষার মাধ্যমে ভর্তি করা হইবে। বিদেশী ও উপজাতীয় ছাত্র/ছাত্রী পাওয়া না গেলে সাধারন মেধা তালিকা হইতে এই আসনসমূহে ছাত্র/ছাত্রী ভর্তি করা হইবে।

(ক) মোট ২০০ নম্বরের ভর্তি পরীক্ষা হইবে।

এসএসসি এবং এইচএসসি-এর ফলাফলের জন্য = ১০০ নম্বর, এসএসসি-৫০ এবং এইচএসসি=৫০।
এসএসসি এবং এইচএসসি-তে প্রাপ্ত জিপিএ-ও ১০(দশ) গুন।

(গ) লিখিত পরীক্ষা (MCQ- HSC level) = ১০০ নম্বর। লিখিত পরিক্ষার বিভাজনঃ পদার্থবিদ্যা=৩০, রসায়নবিদ্যা=৩০, জীববিদ্যা=৩০ ও ইংরেজী -১০।

ভর্তির আবেদনপত্র ২০/- (বিশ) টাকা এবং সেন্টার ফি ৫০০/- (পাঁচশত) টাকা মোট ৫২০/- (পাঁচশত বিশ) টাকা (অফেরতযোগ্য) পরিশোধ সাপেক্ষে সরকারী হোমিওপ্যাথিক ডিগ্রী কলেজ হইতে ফরম সংগ্রহ করা যাইবে। প্রার্থীকে নিজে আবেদনপত্র গ্রহন, জমা এবং প্রবেশ পত্র সংগ্রহ করিতে হইবে।

(ক) আবেদন পত্রের সাথে নিম্নলিখিত সনদ সমূহ সংযুক্ত করিতে হইবে ঃ

১. এস এস সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষাদ্বয়ের মার্কশীটের সত্যায়িত ফটোকপি।
২. এস এস সি ও এইচ এস সি বা সমমানের পরীক্ষা পাসের সনদ/ শেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি।
৩. চার কপি সদ্য তোলা পাসপোর্ট আকারের সত্যায়িত ছবি।
৪. উপজাতীয় কোটাভুক্ত আসনের জন্য ডেপুটি কমিশনার ও গোত্র প্রধান কর্তৃক প্রদত্ত সনদপত্রের ফটোকপি।

(খ) অসম্পূর্ণ ও ভুল তথ্য সম্বলিত আবেদনপত্র বাতিল হইয়া যাইবে এবং ভর্তি পরীক্ষায় অবতীর্ন/ উত্তীর্ন প্রার্থীদের ক্ষেত্রে পরবর্তীতে কোন ভুল তথ্য পাওয়া গেলে তাহার পরীক্ষা/ ফলাফল বাতিল বলিয়া গন্য হইবে।